**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# কলেজিয়েট শিক্ষার্থী ক্রীড়াবিদদেরকে এন্ডোর্সমেন্ট এবং ক্রীড়ায় অংশগ্রহণের জন্য অর্থ গ্রহণ করার অনুমতি দিয়ে গভর্নর হোকলের আইন স্বাক্ষর

***আইনটি (S.5891-F/A.5115-E) কলেজিয়েট শিক্ষার্থী ক্রীড়াবিদদেরকে নাম, ছবি, বা সাদৃশ্য ব্যবহারের জন্য এবং কোনো অ্যাটর্নি বা এজেন্টের মাধ্যমে প্রতিনিধিত্ব করার জন্য অর্থ গ্রহণ করার অনুমতি দিচ্ছে***

গভর্নর হোকল আজ একটি আইন (S.5891-F/A.5115-E) স্বাক্ষর করেছেন যা নিউ ইয়র্কের কলেজিয়েট শিক্ষার্থী ক্রীড়াবিদদেরকে তাদের স্কলারশিপ পাওয়া থেকে বাদ পড়া অথবা কলেজিয়েট অ্যাথলেটিকসে অংশগ্রহণ করার উপযুক্ততা হারানোর ঝুঁকি ছাড়াই তাদের নাম, ছবি, বা সাদৃশ্য ইত্যাদির জন্য অর্থ গ্রহণ করার অনুমতি দিচ্ছে।

"আমাদের কলেজিয়েট শিক্ষার্থী ক্রীড়াবিদরা মাঠের হিরো - এবং তারা শেষ হুইসেল বেজে উঠার পরেও হিরোর মতো আচরণ পাওয়ার যোগ্য," **বলেছেন গভর্নর হোকল।** "অনেক দীর্ঘ সময় ধরে, কলেজিয়েট শিক্ষার্থী ক্রীড়াবিদরা তাদের কঠোর পরিশ্রমের ফলে তাদের স্কুলগুলো যেসব অসাধারণ সুফল পেয়েছে সেগুলো ভোগ করা সুযোগ পায়নি। আমি এই আইন স্বাক্ষর করতে পেরে গর্বিত যেটি নিউ ইয়র্কের কলেজিয়েট শিক্ষার্থী ক্রীড়াবিদদেরকে তাদের প্রাপ্য স্বীকৃতি অর্জন করতে সাহায্য করবে।"

সুনির্দিষ্টভাবে, এই আইন কোনো কলেজ বা কলেজিয়েট অ্যাথলেটিক কনফারেন্স এর জন্য - যার মধ্যে ন্যাশনাল কলেজিয়েট অ্যাথলেটিক অ্যাসোসিয়েশন (National Collegiate Athletic Association, NCAA) অন্তর্ভুক্ত রয়েছে - শিক্ষার্থী-ক্রীড়াবিদের নাম, প্রতিকৃতি, বা সাদৃশ্য ব্যবহার করার কারণে অর্থ গ্রহণ করা, এধরনের অর্থ গ্রহণ করার কারণে কলেজিয়েট অ্যাথলেটিকস প্রতিযোগিতায় অংশ নেওয়া প্রতিরোধ করবে এমন কোনো নিয়ম বাস্তবায়ন করা নিষিদ্ধ করছে। এছাড়াও এটি কোনো কলেজ বা কলেজিয়েট অ্যাথলেটিক কনফারেন্স-এর জন্য কোনো শিক্ষার্থীকে তার নাম, প্রতিকৃতি, বা সাদৃশ্য ব্যবহারের জন্য অর্থ প্রদান করা নিষিদ্ধ করেছে এবং খেলোয়াড়দেরকে নিউ ইয়র্ক স্টেটে লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নি ও অ্যাথলেট এজেন্টদের দ্বারা প্রদত্ত পেশাদার প্রতিনিধিত্ব ব্যবহার করার অনুমতি দিচ্ছে। সেইসাথে, এই নতুন আইন NCAA ডিভিশন I অ্যাথলেটিকস-এ অংশগ্রহণকারী কলেজগুলোর জন্য শিক্ষার্থী-ক্রীড়াবিদদেরকে ডিগ্রি সম্পন্ন করতে সহায়তা প্রদান, ক্যারিয়ারের বিকাশ, আর্থিক ও মানসিক স্বাস্থ্য, বৈষম্য ও

হয়রানি বিষয়ক প্রশিক্ষণ, এবং নেতৃত্বের প্রশিক্ষণ ইত্যাদি পরিষেবা প্রদান করা আবশ্যক করেছে।

2021 সালে NIL কন্ট্রাক্টের জন্য অনুমতি প্রদান করার জন্য NCAA-এর নীতিমালা পরিবর্তন হওয়ার আগে শিক্ষার্থী-ক্রীড়াবিদদের নিজেদের কাজের জন্য অর্থ গ্রহণ করা নিষিদ্ধ থাকার বিষয়টি অন্যায্য ও শোষণমূলক হিসেবে দেখা হতো। এটি অশ্বেতাঙ্গ শিক্ষার্থীদের উপর বিশেষভাবে প্রভাব ফেলেছে। শিক্ষার্থী-ক্রীড়াবিদরা কলেজগুলোর জন্য সুফল নিয়ে আসতে উল্লেখযোগ্য ঝুঁকি গ্রহণ করে এবং কোনো স্কলারশিপের উর্ধ্বে গিয়ে তাদের সেই সুফল ভোগ করার অনুমতি ছিল না, অনেক ক্ষেত্রেই যে স্কলারশিপের পরিমাণ তারা স্কুলের জন্য যে রাজস্ব নিয়ে আসছে তার চেয়ে অনেক কম হয়ে থাকে।

এই আইন এখন নিউ ইয়র্কে এক্সপ্রেস আইন প্রতিষ্ঠা করবে যা শিক্ষার্থীদেরকে তাদের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি তাদের ক্রীড়াবিদ হিসেবে অর্জনগুলোর দ্বারা তৈরি হওয়া অর্থনৈতিক সুফল শেয়ার করতে অনুমতি প্রদান করবে, যেটি হয়তো মিডিয়া, টিকেট বিক্রি, ও মার্চেন্ডাইজের মাধ্যমে রাজস্ব নিয়ে আসতে পারে।

NCAA জানিয়েছে যে 2019 সালে ক্রীড়া বিভাগগুলোর দ্বারা তৈরি হওয়া মোট রাজস্বের পরিমাণ ছিল প্রায় 19 বিলিয়ন ডলার। এই রাজস্বের মধ্যে 2 বিলিয়ন ডলারেরও বেশি এসেছে টিকেট বিক্রির মাধ্যমে।

**স্টেট সিনেটর কেভিন এস. পার্কার বলেন,** "কয়েক বছর ধরে সমর্থন দেওয়া ও কঠোর পরিশ্রম চালিয়ে যাওয়ার পরে, আমি অত্যন্ত রোমাঞ্চিত বোধ করছি যে গভর্নর হোকল আমাদের ন্যাশনাল কলেজিয়েট অ্যাথলেটিক অ্যাসোসিয়েশন (NCAA) ডিভিশন I ক্রীড়াবিদদের সহায়তা ও সুরক্ষা প্রদান করতে এই বিলটিতে স্বাক্ষর করেছেন। এই যুগান্তকারী আইন আমাদের শিক্ষার্থী-ক্রীড়াবিদদেরকে স্কুলে ভর্তি অবস্থা ধরে রাখতে, নাম, প্রতিকৃতি, ও সাদৃশ্যের জন্য আর্থিক বিনিময় গ্রহণ করতে, এবং আহত হওয়ার পরেও অ্যাথিলেটিক স্কলারশিপ ও একাডেমিক উপযুক্ততা রক্ষা করতে সুযোগ প্রদান করবে। কোনো স্কলারশিপ প্রাপ্তি ক্রীড়াবিদদেরকে অধিকতর অর্থ প্রাপ্তি থেকে বঞ্চিত করার ভিত্তি হতে পারে না, বিশেষ করে যখন তাদের মধ্যে অনেকেই ঐতিহ্যগতভাবে প্রান্তিক কমিউনিটিগুলো থেকে এসেছে যেখানে নিত্যদিনের খাবার যোগাড় করাই একটি সংগ্রামের ব্যাপার। আমি সিনেট ও অ্যাসেম্বলিতে আমার সহকর্মীদের সমর্থন পাওয়ায় গর্বিত বোধ করছি, সুনির্দিষ্টভাবে অ্যাসেম্বলি সদস্য মাইকেল সোলাগেস এর কথা উল্লেখ করতে হয়, যিনি আমাদের শিক্ষার্থী-ক্রীড়াবিদরা যাতে শুধু নিজেদের শিক্ষা প্রতিষ্ঠানেই নয়, বরং গ্র্যাজুয়েশনের পরেও সফলতা অর্জনের সব সুযোগ পেতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে এই প্রচেষ্টায় আমার সঙ্গে যোগ দিয়েছেন।"

**অ্যাসেম্বলি সদস্য মাইকেল সি. সোলাগেস বলেন,** "আজ, আমরা আমাদের শিক্ষার্থী-ক্রীড়াবিদদের জন্য সঠিক পথে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি বৃহৎ পদক্ষেপ গ্রহণ করার জন্য শিক্ষার্থী-ক্রীড়াবিদ, সাবেক শিক্ষার্থী-ক্রীড়াবিদ, তাদের পরিবার, এবং আইনপ্রণেতাদের সঙ্গে যোগ দিচ্ছি। বহু ক্রীড়াবিদ, যাদের মধ্যে অনেকেই হয়তো তাদের ক্রীড়া নৈপুন্য না থাকলে কলেজে পড়ালেখা করার মতো সংস্থান পেতেন না, ঐতিহ্যগতভাবে প্রান্তিক কমিউনিটিগুলো

থেকে এসেছেন যেখানে নিত্যদিনের খাবার যোগাড় করাই একটি সংগ্রামের ব্যাপার। স্কলারশিপ থেকে যে অর্থ পাওয়া যায় তার বাইরে জীবনযাত্রার ব্যয় বহনের জন্য বাড়তি অর্থ পাওয়ার সুযোগ বহু শিক্ষার্থী-ক্রীড়াবিদ এবং তাদের পরিবারের জন্য একটি যুগান্তকারী পরিবর্তন নিয়ে আসবে। আমরা আশা করছি যে DI কলেজগুলো শিক্ষার্থীদের জন্য সঞ্চয় পরিকল্পনা প্রতিষ্ঠা করার পাশাপাশি আমাদের বিলটিতে পেশ করা পরামর্শ অনুযায়ী আর্থিক দুর্দশাগ্রস্ত শিক্ষার্থী-ক্রীড়াবিদদের জন্য একটি তহবিল প্রতিষ্ঠা করার মাধ্যমে সবচেয়ে ভালোভাবে শিক্ষার্থী-ক্রীড়াবিদদের স্বার্থ রক্ষা করা অব্যাহত রাখবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418